

ভূয়া জন্ম সনদ দেওয়ায় শরণখোলায় দু'ইউপি সদস্য বরখাস্ত

Nov 8, 2013

ক্রাইম নিউজ সার্ভিস, বাগেরহাটঃ বাগেরহাটের শরণখোলা উপজেলার ধানসাগর ইউনিয়ন পরিষদের দু'ইউপি সদস্যকে বরখাস্ত করেছে স্থানীয় সরকার মন্ত্রণালয়।

সংশ্লিষ্ট সূত্র জানায়, উপজেলার রাজাপুর শ্রী শ্রী গোবিন্দ মন্দিরের সভাপতি মুনাল কান্তি হালদার বাদী হয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে একটি লিখিত অভিযোগ দেন। এতে বলা হয়, ওই মন্দিরের জমির কাগজপত্র জাল তৈরী করে রেজিস্ট্রি করে নেয় এলাকার হাবিব শরীফ ও তার পুত্র ডালিম। অবিনাশ ও অসিত নামে ভূয়া নাম ব্যবহার করে উপজেলার ধানসাগর ইউনিয়নের তৎকালীন ভারপ্রাপ্ত চেয়ারম্যান শামীম মুন্সী (ইউপি সদস্য) ও সংরক্ষিত আসনের মহিলা মেম্বর খাদিজা বেগমের কাছ থেকে ভূয়া জন্ম সনদ নেয় চক্রটি। যা মন্দিরের জাল রেজিস্ট্রি কাজে ব্যবহার করা হয়।

উপজেলা প্রশাসন জানায়, বিষয়টি তদন্তের পর এলজিআরডি মন্ত্রণালয় শামীম মুন্সী ও খাদিজা বেগমকে সাময়িকভাবে সাসপেন্ড করে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কেএম মামুন উজ্জামান বিষয়টির সত্যতা নিশ্চিত করে সিএনএস কে জানান, এ সংক্রান্ত একটি চিঠি মঞ্জলবার তার দপ্তরে পৌঁছেছে।